গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
নীলফামারী জেলা কার্যালয়
হোল্ডিং নং-২২৭ (নীচ তলা), ওয়ার্ড নং-০৮
ডাকবাংলো সড়ক, নীলফামারী সদর, নীলফামারী।
www.doe.gov.bd/www.doe.nilphamari.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৪/০৮/২০২৬ খ্রিঃ তারিখে পরিবেশ অধিদপ্তর, নীলফামারী জেলা কার্যালয় কর্তৃক অত্র কার্যালয়ের সম্মেলন কক্ষে নীলফামারী জেলাস্থ ইটভাটা মালিকদের সাথে ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) অনুযায়ী ''অবৈধ ইটভাটা বন্ধে করণীয় ও পরিবেশবান্ধব ব্লক ইট নির্মাণ'' বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়ের পরিচালক জনাব নুর আলম মহোদয় । এছাড়া উপস্থিত ছিলেন পরিবেশ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়ের রিসার্চ অফিসার জনাব মোঃ রুনায়েত রেজা আমিন । উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তর নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল্লাহ-আল-মামুন । উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি মহোদয় বৈশ্বিক জলবায়ুর উপর অবৈধ ইটভাটার ক্ষতিকর প্রভাব ও পরিবেশ বান্ধব ব্লক ইট প্রস্তুতের সুবিধাসহ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ নিয়ে আলোকপাত করেন। সহকারী পরিচালক মহোদয় সনাতন পদ্ধতির ইট এর পরিবর্তে সকলকে ব্লক ইট নির্মানে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। সর্বশেষ অবৈধ ইটভাটা মালিকদের ইটভাটা পরিচালনা না করার জন্য এবং অবৈধ ইটভাটা স্থায়ীভাবে বন্ধ করার জন্য অনুরোধ জানান। সুস্থ ও স্বাভাবিক জীবনযাপনের জন্য পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে সকলকে এগিয়ে আসার প্রত্যয় ব্যক্ত করে এ আলোচনার সভার সমাপ্তি ঘোষনা করা হয় ।







২৪/০৮/২৬
(মোঃ আব্দুল্লাহ-আল-মামুন)
সহকারী পরিচালক
ফোনঃ ০১৬৮৫-১২৫৩৮৮।